

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ

নং-২০.০০.০০০০.৩০৯.০২.৫১৭.১৮-১৩১

তারিখঃ ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ
২৫ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ

প্রাপকঃ

ড. শামীমা পারভীন লস্কর, অধ্যাপক
প্রফেসর এন্ড হেড অব এনাটমি ডিপার্টমেন্ট
এম এইচ শমরিতা মেডিকেল কলেজ হাসপাতাল
১১৭, লাভ রোড, তেজগাঁও, ঢাকা।

বিষয়ঃ পিএইচডি গবেষণার বিপরীতে গৃহীত অর্থ ফেরৎ প্রদান প্রসঙ্গে।

গবেষণার শিরোনামঃ "Social Benefits for Preventing Heart Failure in Diabetes"-শীর্ষক পিএইচডি গবেষণা।

মহোদয়,


আপনার সানুগ্রহ দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের অর্থায়নে পরিচালিত উপরোল্লিখিত শিরোনামের গবেষণাটি ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকায় পরিচালনা করার জন্য বিগত ১১/০৫/২০০৮খ্রি: তারিখে আপনার সাথে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের চুক্তিনামা স্বাক্ষরিত হয় এবং পরবর্তীতে ২১/০১/২০০৯খ্রি: তারিখে পুন:চুক্তি স্বাক্ষরিত হয়। সে অনুযায়ী গবেষণার মেয়াদ ২০/০১/২০১০খ্রি: তারিখে উত্তীর্ণ হয়।

০২। ইতঃপূর্বে আপনি চুক্তিনামা অনুযায়ী ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ সর্বমোট ৮৫,০০০/- (পঁচাশি হাজার) টাকা গ্রহণ করেছেন। আপনার গবেষণা কর্মের প্রতিবেদনটি যথাসময়ে জমা দেননি এবং অগ্রগতির প্রতিবেদন সংক্রান্ত কোন তথ্য দাখিল করেননি। এমতাবস্থায়, চুক্তিনামার শর্তাবলীর 'ঙ' ও 'ছ' উপধারা মোতাবেক গৃহীত ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ সর্বমোট ৮৫,০০০/- (পঁচাশি হাজার) টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে চালানোর মূল কপি সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ কার্যালয়ে উক্ত টাকা ফেরত প্রদানের জন্য গত ১৪/১১/২০১৬খ্রি: তারিখের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.৫০১.১৬-১০০০, ১৪/০২/২০১৭খ্রি: তারিখের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.৫০১.১৬-১১৪, ০৯/০৫/২০১৭খ্রি: তারিখের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.৫০১.১৬-৬১৯ এবং ১৬/০৯/২০১৮খ্রি: তারিখের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.৫১৭.০৮-৯৬১ এর মাধ্যমে অনুরোধ করা হয়েছিল। এ পরিপ্রেক্ষিতে আপনি গত ০২/১০/২০১৮খ্রি: তারিখে আপনার পিএইচডি প্রোগ্রামটি টিউশন ফি এর অভাবে অস্ট্রেলিয়ায় সমাপ্ত না করে যুক্তরাষ্ট্রে শেষ করেছেন মর্মে জানিয়েছেন। ফলে আপনার বর্তমান থিসিস ও ডিগ্রি গ্রহণ করে জমাদানকৃত পূর্বের গবেষণা কাজের অগ্রগতি ও তিনটি আন্তর্জাতিক Publication কে গুরুত্ব দিয়ে আপনার বিষয়টি পরিসমাপ্তি টানার জন্য গত ০২/১০/২০১৮খ্রি: তারিখে আবেদন করেছেন।

০৩। আপনার ০২/১০/২০১৮খ্রি: তারিখের আবেদন গত ২৩/১২/২০১৮খ্রি: তারিখে অনুষ্ঠিত ৫০ তম গবেষণা ও স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করা হলে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

"ডা. শামীমা পারভীন লস্কর, অধ্যাপক, প্রফেসর এন্ড হেড অব এনাটমি ডিপার্টমেন্ট, এম এইচ শমরিতা মেডিকেল কলেজ হাসপাতাল, ১১৭, লাভ রোড, তেজগাঁও, ঢাকা এর গবেষণার কাজ শেষ হওয়ায় এবং তিনি পিএইচডি ডিগ্রী অর্জন করায় তার থিসিস ও থিসিসের উপর পাবলিকেশন গ্রহণপূর্বক তাকে অভিযোগ হতে অব্যাহতি প্রদানের বিষয়ে সিদ্ধান্ত হয়।"

০৪। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত অনুযায়ী আপনার পিএইচডি সনদ, থিসিস (০২ কপি), থিসিস এর উপর Publication এর কপি জমাদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করছি।


আপনার বিশ্বস্ত

(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৯১৮০৭৯৭

নং-২০.০০.০০০০.৩০৯.০২.৫১৭.১৮

তারিখঃ ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ
২৫ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল/গবেষণা কর্মকর্তা-২, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, ঢাকা (Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব-৫ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।


(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা